**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/6/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল স্টেটজুড়ে 86টি পানির মান সুরক্ষা প্রকল্পে 110 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রদানের ঘোষণা করলেন

***পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়সমূহকে 90 মিলিয়ন মার্কিন ডলার প্রদান***

***তহবিল বয়িষ্ণু পানি অবকাঠামো হালনাগাদ করবে, ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের মোকাবেলা করবে, খাওয়ার পানির সুরক্ষা করবে, এবং সম্ভাব্য দূষণ প্রতিরোধ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটজুড়ে পানির মান উন্নত করতে দুইটি অনুদান কর্মসূচির মাধ্যমে 86টি প্রকল্পকে আনুমানিক 110 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। অনুদান কর্মসূচিগুলি এমন প্রকল্পকে সমর্থন করবে যেগুলি খাওয়ার পানি সুরক্ষা করতে সাহায্য করবে, ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের কারণের মোকাবিলা করবে, বয়িষ্ণু পানি অবকাঠামো হালনাগাদ করবে এবং স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে জলজ আবাসস্থল উন্নত করবে, এবং পরিবেশ দূষণ দ্বারা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হয়েছে এমন পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়ে পানির মান উন্নয়নকাজের সমর্থনে তহবিল থেকে 90 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে।

"আগামী বহু প্রজন্ম ধরে সকল নিউ ইয়র্কবাসীর কাছে পরিষ্কার পানি পাওয়ার সুযোগ থাকা নিশ্চিত করতে নিউ ইয়র্ক ঐতিহাসিক মাত্রার আর্থিক সমর্থন প্রদান করা অব্যাহত রাখছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা নিউ ইয়র্কের বয়িষ্ণু অবকাঠামো হালনাগাদ করা এবং আমাদের পানির নিরাপত্তা বলীয়ান করা অব্যাহত রাখবো, যা স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে জীবনযাত্রার ম্যান ও জনস্বাস্থ্য উন্নত করবে।"

110 মিলিয়ন মার্কিন ডলারের অনুদানসমূহ পরিচালনা করছে নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York State Department of Environmental Conservation, DEC), এর মধ্যে স্টেটের পানির মান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project, WQIP) কর্মসূচির মাধ্যমে 51টি প্রকল্প 108 মিলিয়ন মার্কিন ডলার পাচ্ছে এবং কৃষি-নয় এমন ননপয়েন্ট উৎস পরিকল্পনা ও মিউনিসিপ্যাল পৃথক ঝড় সিউয়ার ব্যবস্থা ম্যাপিং অনুদানের (Non-Agricultural Nonpoint Source Planning and Municipal Separate Storm Sewer System Mapping Grant, NPG) মাধ্যমে 35টি প্রকল্প 2 মিলিয়ন মার্কিন ডলার পাচ্ছে। ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের (harmful algal blooms, HABs) ঘটনা হ্রাস করতে সাহায্য করবে এমন

প্রকল্পসমূহের অর্থায়নকে নিউ ইয়র্ক স্টেট অগ্রাধিকার প্রদান করা অব্যাহত রাখছে। প্রদত্ত WQIP এবং NPG অনুদানের আনুমানিক মোট 45 মিলিয়ন মার্কিন ডলার বিগত পাঁচ বছরে HABs কর্তৃক আক্রান্ত হয়েছে এমন ওয়াটারশেড প্রকল্পকে সমর্থন করবে এবং/অথবা একটি DEC HABs কর্মপরিকল্পনায় (DEC HABs Action Plan) সনাক্ত করা কোনও প্রকল্প বাস্তবায়নে সাহায্য করবে।

**নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "গভর্নর হোকল পানির মান উন্নত করতে তার প্রতিশ্রুতি প্রদর্শন করে যাচ্ছেন, আমি জানি এটি তার জন্য কতটা গুরুত্বপূর্ণ। তিনি উপলব্ধি করেছেন যে পরিষ্কার পানি পাওয়ার সুযোগ ছাড়া আমরা আমাদের সম্প্রদায়সমূহের স্বাস্থ্য ও পরিবেশকে টিকিয়ে রাখতে পারবো না। আজকের ঘোষিত অনুদানসমূহ আমাদেরকে স্টেটব্যাপী আমাদের খাওয়ার পানিকে সুরক্ষিত রাখতে দিবে যাতে করে পরিবারগুলি জানতে পারে যে তাদের কাছে যা আছে তা বিশেষাধিকার নয়, বরং মানবাধিকার।"

WQIP অনুদান কর্মসূচি এমন প্রকল্পের অর্থায়ন করে যা সরাসরি পানির মান বা জলজ আবাসস্থল উন্নত করে, বা খাওয়ার পানির একটি উৎসের সুরক্ষাদান করে। স্টেটের পরিবেশ সংরক্ষণ তহবিলের (Environmental Protection Fund, EPF) এবং পরিষ্কার পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Clean Water Infrastructure Improvement Act) তহবিলের অংশ হিসেবে সমর্থিত, WQIP প্রকল্পসমূহের মধ্যে রয়েছে মিউনিসিপ্যাল বর্জ্যপানি পরিশোধনাগার হালনাগাদকরণ, কৃষি নয় এমন ননপয়েন্ট উৎসের সহায়তা ও নিয়ন্ত্রণ, ভূমি অধিগ্রহণ, লবণ স্টোরেজ নির্মাণ, জলজ সংযোগ পুনঃস্থাপন ও সামুদ্রিক বাস্তুসংস্থান পুনঃস্থাপন।

NPG কর্মসূচি এমন প্রকল্পসমূহকে অর্থায়ন করে যা কৃষি নয় এমন ননপয়েন্ট উৎসে পানির মান উন্নয়ন প্রকল্পসমূহের প্রাথমিক পরিকল্পনার অর্থায়নে সাহায্য করে, যেমন প্রয়োজনের তুলনায় ছোট কালভার্ট প্রতিস্থাপন এবং সবুজ অবকাঠামো প্রযুক্তি, এবং শহুরে এলাকায় এমন ঝড়ের সিউয়ার ম্যাপিং যার জন্য স্টেটের অনুমতি প্রয়োজন হয়। বাস্তবায়িত হলে এই প্রকল্পগুলি লেক, নদী ও ঝর্ণায় প্রবেশ করা দূষিত ঝড়ের পানির প্রবাহের পরিমাণ হ্রাস করবে, এবং জলবায়ুর প্রভাবের বিরুদ্ধে স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে। অনুদানটি স্টেটের EPF দ্বারা সমর্থিত, EPF গভর্নর হোকলের 2023-24 নির্বাহী বাজেটেও (Executive Budget) ঐতিহাসিক 400 মিলিয়ন মার্কিন ডলার ধরে রাখতে পেরেছে। EPF অতি গুরুত্বপূর্ণ পরিবেশ কর্মসূচির অর্থায়ন করে, যেমন ভূমি অধিগ্রহণ, কৃষিভূমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতির প্রতিরোধ এবং নির্মূল, উন্নত বিনোদন পাওয়ার সুযোগ, পানির মান উন্নয়ন, এবং একটি আগ্রাসী পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের এজেন্ডা।

WQIP এর জন্য অর্থপ্রাপ্তদের পূর্ণ তালিকা https://www.dec.ny.gov/pubs/4774.html এ এবং NPG এর জন্য https://www.dec.ny.gov/pubs/116725.html এ পাওয়া যাবে। WQIP অনুদানের প্রস্থ ও আওতার উপর আলোকপাত করে, এই রাউন্ডে অর্থায়িত এমন 51টি প্রকল্পের উদাহরণ হলো:

**বর্জ্যপানি উন্নয়ন প্রকল্পসমূহ:**

- **ওনোন্ডাগা কাউন্টি - বর্জ্যপানি পরিশোধন অবকাঠামো, সম্মিলিত সিউয়ার উপচে পড়া/স্যানিটারি সিউয়ার উপচে পড়া হ্রাসের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার (সেন্ট্রাল নিউ ইয়র্ক):** কাউন্টি লে ক্রিক এবং লিভারপুল এলাকায় ফোর্স মেইন সিউয়ার সংগ্রহ ব্যবস্থার মেরামত এবং/অথবা প্রতিস্থাপন করবে, যা ওনোন্ডাগা লেকের পানির মান উন্নত করবে।
- **শেনাঙ্গ টাউন - বর্জ্যপানি পরিশোধানাগার উন্নয়নকাজের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার (সাউদার্ন টিয়ার):** স্টেটের মানদণ্ড অর্জনের জন্য এবং শেনাঙ্গ নদী ও চিজপিক বে ওয়াটারশেডে প্রবেশ করা ফসফরাসের পরিমাণ হ্রাস করে পানির মান উন্নয়নের জন্য টাউনটি এর নর্থগেট ফ্যাসিলিটিতে নতুন পরিশোধন প্রযুক্তি যোগ করবে।
- **বাফেলো সিউয়ার কর্তৃপক্ষ - বর্জ্যপানি পরিশোধন অবকাঠামো, সম্মিলিত সিউয়ার উপচে পড়া/স্যানিটারি সিউয়ার উপচে পড়া দূষণ হ্রাসের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক):** বাফেলো সিউয়ার কর্তৃপক্ষ বার্ড আইল্যান্ড বর্জ্যপানি পরিশোধনাগারের (Bird Island Wastewater Treatment Facility) বর্জ্যপানি পরিশোধন সরঞ্জামের উন্নয়ন করবে, যার মধ্যে রয়েছে প্রাথমিক অধঃক্ষেপ ট্যাঙ্কের এবং সংশ্লিষ্ট স্লাজ পাম্পিং ও পাইপিংয়ের পুনর্বাসন, এবং একটি নতুন জীবাণুমুক্তকরণ ফ্যাসিলিটি স্থাপন। প্রকল্পটি ফ্যাসিলিটির মাধ্যমে ভেজা আবহাওয়ার প্রবাহের জন্য উচ্চতর মাত্রার প্রাথমিক পরিশোধন প্রদান করবে এবং নায়াগ্রা নদীতে প্রবেশ করা পানির মান উন্নত করবে। বার্ড আইল্যান্ড বর্জ্যপানি পরিশোধানাগারের উন্নয়ন প্রকল্পের নির্মাণ কাজ শুরু হওয়ার যে ঘোষণাটি অক্টোবরে প্রদান করা হয়েছে, তার উপর ভিত্তি করে এটি গড়ে উঠবে।
- **হারমোন টাউন - বর্জ্যপানি পরিশোধনাগার উন্নয়নের জন্য 718,400 মার্কিন ডলার (নর্থ কান্ট্রি):** টাউন তাদের বর্জ্যপানি পরিশোধনাগারে আলট্রাভায়োলেট সংক্রমণমুক্তকারী সরঞ্জাম যোগ করার মাধ্যমে এর উন্নয়ন করবে, যার ফলে এম ক্রিকের পানির মান উন্নত হবে।

**ননপয়েন্ট উৎসে সহায়তা প্রকল্পসমূহ:**

- **নিউ ইয়র্ক সিটি পরিবেশ সংরক্ষণ বিভাগ (New York City Department of Environmental Protection) - সবুজ অবকাঠামো অনুশীলনের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার (নিউ ইয়র্ক সিটি):** স্থানীয় পানির মান উন্নত করার জন্য এবং ইংল্যান্ড বন্যা সমস্যার সমাধান করার জন্য শহরের মালিকানাধীন স্ট্রিট মিডিয়ানগুলিকে সবুজ অবকাঠামো অনুশীলন দ্বারা হালনাগাদ করা হবে।
- **প্ল্যাটসবার্গ শহর - বেদিং বীচ পুনঃস্থাপনের জন্য 817,525 মার্কিন ডলার (নর্থ কান্ট্রি):** শহরটি সিটি বীচে সবুজ অবকাঠামো প্রকল্প বাস্তবায়ন করবে। অনুশীলনের মধ্যে থাকবে অভেদ্য এলাকায় ঝড়ের পানির বাড়তি প্রবাহ আটকানোর জন্য ঝড়ের পানির গাছের ট্রেঞ্চ এবং বায়োরিটেনশন এলাকা।

প্রকল্পটি চ্যাম্পলেইন লেকের কাম্বারল্যান্ড বে অংশে পরিপোষক, পলি, এবং ঝড়ের পানির প্রবাহ হ্রাস করবে।

- **অন্টারিও কাউন্টি ভূমি ও পান সংরক্ষণ জেলা - রাস্তার খানাখন্দ স্থিতিশীলকরণ কর্মসূচির জন্য 610,000 মার্কিন ডলার (ফিঙ্গার লেকস):** অন্টারিও কাউন্টি ভূমি ও পান সংরক্ষণ জেলা ক্যান্ডিস ও ব্রিস্টল টাউনে একটি রাস্তার খানাখন্দ স্থিতিশীলকরণ কর্মসূচি বাস্তবায়ন করবে। কর্মসূচিটি ঝড়ের পানির প্রবাহ ধীর করবে, রাস্তার পাশের ভূমিক্ষয় হ্রাস করবে এবং রচেস্টার খাওয়ার পানি সরবরাহ এবং জিনেসি নদীর ওয়াটারশেডের মিল ক্রিকে প্রবেশ করতে পৰ পরিপোষক ও দশকের পরিমাণ হ্রাস করবে।
- **শ্যাটাকোয়া কাউন্টি ভূমি ও পানি সংরক্ষণ জেলা - স্ট্রিমব্যাংক/শোরলাইন স্থিতিশীলকরণের জন্য 432,555 মার্কিন ডলার (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক):** শ্যাটাকোয়া কাউন্টির একাধিক অবস্থানে ভূমি ও পানি সংরক্ষণ জেলা ঝর্ণার গ্রেডিং, ও উদ্ভিজ্জ বাফার বাস্তবায়িত করবে। প্রকল্পটি শ্যাটাকোয়া লেক ওয়াটারশেডে ভূমিক্ষয়, পলি ও পরিপোষক হ্রাস করবে।

**খাওয়ার পানির উৎস সংরক্ষণের জন্য ভূমি অধিগ্রহণ প্রকল্প:**

- **ওয়াটারভ্লিয়েট শহর - ওয়াটারভ্লিয়েট রিজার্ভয়ের সংরক্ষণ করার জন্য ভূমি অধিগ্রহণ করতে 480,000 মার্কিন ডলার (ক্যাপিটাল জেলা):** শহরটি তাদের খাওয়ার পানির উৎস, ওয়াটারভ্লিয়েট রিজার্ভয়ের সংলগ্ন 54 একরের একটি পার্সেল অধিগ্রহণ করবে। পার্সেলটি অধিগ্রহণ করার মাধ্যমে রিজার্ভয়েরকে নির্মাণকাজ বা বিশেষ কাজে জমির ব্যবহারের সাথে সংশ্লিষ্ট সম্ভাব্য দূষণ থেকে সুরক্ষা প্রদান করা যাবে। ভূমিটি নির্মাণ কাজবিহীন বনভূমি হিসেবে থাকবে, যা রিজার্ভয়েরের জন্য একটি প্রাকৃতিক রিপ্যারিয়ান বাফার হিসেবে কাজ করবে।

**লবণের স্টোরেজ:**

- **ইন্ডিয়ান লেক টাউন - নতুন শেয়ার্ড লবণ স্টোরেজ ফ্যাসিলিটির জন্য 225,000 মার্কিন ডলার (নর্থ কান্ট্রি)** টাউন তাদের বর্তমানে উন্মুক্ত লবণের স্তূপ ঢাকার জন্য একটি লবণ স্টোরেজ ফ্যাসিলিটি নির্মাণ করবে। এই কাঠামোতে জমা রাখা লবণ ইন্ডিয়ান লেক টাউন এবং হ্যামিল্টন কাউন্টি উভয় স্থানে ব্যবহার করা হবে। কাঠামোটি সিডার নদীর এবং সংলগ্ন ভূমির পানির মানকে সুরক্ষিত রাখবে।

**জলজ সংযোগ পুনঃস্থাপন:**

- **আলস্টার কাউন্টি - জলজ সংযোগ পুনঃস্থাপনের জন্য 250,000 মার্কিন ডলার (মিড হাডসন):** কাউন্টি উডস্টকের একটি ভগ্নদশা ও প্রয়োজনের থেকে ছোট ঝর্ণা কালভার্টকে সকিল ক্রিক পর্যন্ত একটি উপনদীতে পরিণত করবে। প্রকল্পটি 2.2 মাইল জলজ বাস্তুসংস্থানকে সংযুক্ত করবে এবং লোয়ার এসপোস ক্রিক ওয়াটারশেডে বন্যার ঘটনা হ্রাস করবে।

**সামুদ্রিক বাস্তুসংস্থান পুনঃস্থাপন:**

- **সেভ দ্য সাউন্ড - সামুদ্রিক বাস্তুসংস্থান পুনঃস্থাপনের জন্য 749,976 মার্কিন ডলার (নিউ ইয়র্ক সিটি):** সেভ দ্য সাউন্ড চার একর লবণের জলাভূমি পুনঃস্থাপন করবে এবং উপকূলরেখার 1,100 সরল ফুটজুড়ে ওয়েস্টার ক্যাসল ও উদ্ভিদ লাগবে। ওয়েস্টার ক্যাসল ও উদ্ভিদ ঝড়ের পানি থেকে থেকে পরিপোষককে ফিল্টার করবে এবং উডালস কোভের জলাভূমি তীরকে স্থিতিশীল করবে।
- **সিটাক এনভায়রনমেন্টাল অ্যাসোসিয়েশন (Seatuck Environmental Association) - সামুদ্রিক বাস্তুসংস্থান পুনঃস্থাপনের জন্য 320,000 মার্কিন ডলার (লং আইল্যান্ড):** সিটাক এনভায়রনমেন্টাল অ্যাসোসিয়েশন ওয়ানটাগের মিল পন্ড বাঁধে একটি মাছের প্যাসেজ বাস্তবায়ন করবে। প্রকল্পটি জলজ বায়োটা এবং মাছের জন্য বেলমোর ক্রিকে মিঠাপানিতে প্রজনন আবাসস্থল পাওয়ার সুযোগ করে দিবে।

NPG অনুদানের প্রস্থ ও আওতার উপর আলোকপাত করে, এই রাউন্ডে অর্থায়িত এমন 35টি প্রকল্পের উদাহরণ হলো:

**মিউনিসিপ্যাল পৃথক ঝড়ের সিউয়ার ব্যবস্থা (Municipal Separate Storm Sewer System, MS4) ম্যাপিং:**

- **ওনোন্ডাগা কাউন্টি পরিবেশ অফিস (Onondaga County Office of the Environment) - MS4 ম্যাপিংয়ের জন্য 396,000 মার্কিন ডলার (সেন্ট্রাল নিউ ইয়র্ক)** ওনোন্ডাগা কাউন্টি পরিবেশ অফিস সিরাকিউজ এলাকার 30টি নিয়ন্ত্রিত MS4 ঝড়ের সিউয়ার ব্যবস্থার সার্বিক ম্যাপিং সম্পূর্ণ করার জন্য সেন্ট্রাল নিউ ইয়র্ক আঞ্চলিক পরিকল্পনা ও বিকাশ বোর্ডের (Central New York Regional Planning and Development Board) সাথে কাজ করবে। ম্যাপিংয়ের মধ্যে থাকবে তাদের নিয়ন্ত্রিত ঝড়ের পানি ব্যবস্থার আরো ভালো ব্যবস্থাপনার জন্য সকল সাধারণ ও বাড়তি উপাদানের ডেটা অন্তর্ভুক্ত করা।
- **অরেঞ্জটাউন টাউন - MS4 ম্যাপিংয়ের জন্য 75,000 মার্কিন ডলার (মিড-হাডসন):** হ্যাকেনস্যাক নদী, লোয়ার নাউরাউশন ব্রুক, এবং লোয়ার হাডসন নদীর এস্‌টুয়ারি ওয়াটারশেডসমূহের ঝড়ের পানি ব্যবস্থার সার্বিক ম্যাপিং সম্পূর্ণ

করার জন্য টাউনটি একটি প্রকৌশল ফার্মকে নিয়োগ দিবে। ম্যাপিংয়ের মধ্যে থাকবে নিয়ন্ত্রিত ঝড়ের পানি ব্যবস্থা ব্যবস্থাপনার জন্য সকল সাধারণ উপাদানের ডেটা।

- **নিউ উইন্ডসর টাউন - MS4 ম্যাপিংয়ের জন্য 75,000 মার্কিন ডলার (মিড-হাডসন):** টাউন ঝড়ের পানির ব্যবস্থার সার্বিক ম্যাপিংয়ের কাজ সম্পূর্ণ করবে। প্রকল্পে অন্তর্ভুক্ত থাকবে অগ্রাধিকার এলাকাসমূহ এবং প্রস্তাবিত ঝড়ের পানি রেট্রোফিটসমূহের ম্যাপিং।

**ননপয়েন্ট উৎস পরিকল্পনার প্রতিবেদনসমূহ:**

- **সেনেকা ফলস টাউন - ঝর্ণা কালভার্ট মেরামত ও প্রতিস্থাপনের জন্য 30,000 মার্কিন ডলার (ফিঙ্গার লেকস):** ব্যায়ার্ড স্ট্রিটের ভগ্নদশা ঝর্ণা কালভার্টের সমাধান করার জন্য টাউনটি একটি প্রকৌশল প্রতিবেদন প্রস্তুত করবে। প্রকল্পটি ক্যাইয়ুগা লেক ওয়াটারশেডে ভূমিক্ষয় হ্রাস করবে।
- **অ্যালেগানি কাউন্টি ভূমি ও পানি সংরক্ষণ জেলা - স্ট্রিমব্যাংক/শোরলাইন স্থিতিশীলকরণের জন্য 30,000 মার্কিন ডলার (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক):** ক্যানাডিয়া টাউনের ক্ষয়রত স্ট্রিমব্যাংককে স্থিতিশীল করার জন্য ভূমি ও পানি সংরক্ষণ জেলা একটি স্ট্রিমব্যাংক স্থিতিশীলকরণ জরিপ এবং প্রকৌশলী নকশা পরিকল্পনার কাজ শেষ করবে। প্রকল্পটি জিনেসি নদীতে পরিপোষকের ক্ষয় হ্রাস করবে এবং এলাকার অবকাঠামোর সুরক্ষা প্রদান করবে।
- **কর্টল্যান্ড কাউন্টি ভূমি ও পানি সংরক্ষণ জেলা - সার্বিক ঝর্ণা করিডোর মূল্যায়নের জন্য 75,000 মার্কিন ডলার (সেন্ট্রাল নিউ ইয়র্ক):** ভূমি ও পানি সংরক্ষণ জেলা একটি সার্বিক ঝর্ণা করিডোর মূল্যায়ন প্রস্তুত করবে, যার মধ্যে নর্থ আমেরিকান জলজ সংযোগ সমন্বয় (North American Aquatic Connectivity Collaborative) ফ্রেমওয়ার্ক ব্যবহার করে ট্রাউট ব্রুক ও স্মিথ ব্রুক ওয়াটারশেডে থাকবে বন্যার ঝুঁকি যাচাই। প্রতিবেদনটি 70 মাইলের বেশি ঝর্ণার করিডোরের ডেটা উন্নত করবে এবং ভূমিক্ষয় নিয়ন্ত্রণের জন্য অগ্রাধিকারসমূহকে নথিভুক্ত করবে।

**পরিষ্কার পানির প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি**

নিউ ইয়র্ক বিশুদ্ধ জলের অবকাঠামোর প্রকল্পে বিনিয়োগ বাড়াচ্ছে। অতি সম্প্রতি, 2023 স্টেট অফ দ্য স্টেট এবং নির্বাহী বাজেটে, গভর্নর হোকল পরিষ্কার পানির অর্থায়নে অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রস্তাবনা করেছেন, যার 2017 সাল থেকে পরিষ্কার পানির অবকাঠামোতে নিউ ইয়র্কের মোট বিনিয়োগ হবে 5 বিলিয়ন মার্কিন ডলার। এইসব বিনিয়োগ কাজে লাগানোর জন্য এবং স্থানীয় সরকারসমূহের সাথে চলমান সমন্বয় অব্যাহত রাখা নিশ্চিত করার জন্য, গভর্নর সম্প্রদায়ের সহায়তা দল (Community Assistance Teams) তৈরির প্রস্তাবনা প্রদান করেছেন যাতে ক্ষুদ্র, গ্রামীণ এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহকে তাদের পানির অবকাঠামো চাহিদা পূরণ করতে আর্থিক সহায়তা পাওয়ার সুযোগ করে দিতে সাহায্য করার

জন্য সক্রিয় আউটরিচ প্রদান করা যায়। উদ্যোগটি সম্প্রতি শুরু করা হয়েছে এবং আউটরিচ বৈঠকসমূহ চলছে। আরো তথ্যের জন্য, https://efc.ny.gov/CAT এ যান।

পাশাপাশি, ভোটারগণ 4.2 বিলিয়ন মার্কিন ডলারের পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্টটিকে (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) 2022 সালের নভেম্বর মাসে অনুমোদিত করেছে, যা বয়িষ্ণু পানির অবকাঠামো হালনাগাদ করতে এবং পানির মান সুরক্ষিত রাখতে, সম্প্রদায়গুলির তীব্র ঝড় ও বন্যা সহ্য করার ক্ষমতা বলীয়ান করে, বায়ু দূষণ হ্রাস করে, আবাসস্থল পুনঃস্থাপন করে, ঘরের বাইরের স্থান ও স্থানীয় খামার সংরক্ষণ করে, এবং মোট সংস্থানের 40 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে বিনিয়োগ করার লক্ষ্য নিয়ে, কমপক্ষে 35 শতাংশ সেখানে বিনিয়োগ করার মাধ্যমে সমতা নিশ্চিত করার জন্য অতিরিক্ত ঐতিহাসিক পর্যায়ের তহবিল অগ্রসর করবে।

**একত্রিত তহবিল আবেদন সম্পর্কে**

আজকের ঘোষিত অনুদানসমূহ একত্রিত তহবিল আবেদন (Consolidated Funding Application, CFA) প্রক্রিয়া সম্পূর্ণ করার পরবর্তীতে জারি করা হয়েছে। অনুদান আবেদন প্রক্রিয়াকে সহজতর ও ত্বরান্বিত করার জন্য একত্রিত তহবিল আবেদন গঠন করা হয়েছে এবং এটি স্টেট সংস্থান বরাদ্দ করার প্রক্রিয়ায় একটি মৌলিক পরিবর্তন নিয়ে আসে, স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের চাহিদা পূরণের জন্য কম আমলাতন্ত্র এবং বৃহত্তর কার্যকারিতা নিশ্চিত করে। CFA অর্থনৈতিক উন্নয়ন তহবিলের একক-এন্ট্রি পয়েন্ট হিসেবে কাজ করে, যা আবেদনকারীদের যাতে কোনো সমন্বয় পদ্ধতি ব্যতীত একাধিক সংস্থা ও উৎসের মধ্যে ধীরে ধীরে নেভিগেট করতে না হয় সেটা নিশ্চিত করে। এখন, অর্থনৈতিক উন্নয়ন প্রকল্পগুলো একটি আবেদনের মাধ্যমে একাধিক স্টেট তহবিলের উৎস অ্যাক্সেস করার জন্য CFA-কে একটি সাপোর্ট মেকানিজম হিসেবে ব্যবহার করে থাকে, যা প্রক্রিয়াটিকে আরো বেশি দ্রুত, সহজতর, ও আরো বেশি উৎপাদনমুখী করেছে। CFA সম্পর্কে আরও জানুন এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418